

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
পার-২ শাখা
www.mefwd.gov.bd

নম্বর : ৫৯.০০.০০০০.১১০.৯৯.০৪০.১৭-৩৮৯

তারিখ : ১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রি:সাব্দ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
সিঙ্গিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

বিষয় : পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান আজিমপুর, ঢাকা এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল ও রাজশাহী'র হাউজ কিপার পদের বেতনস্কেল জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী পুনঃনির্ধারণের আদেশ জারিকরণ।

নং : ০৭.০০.০০০০.১৬৩.৪৫.০৩৮.১৭-১৮২, তারিখ: ০৪.৯.২০১৮ খ্রি:, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের আওতাধীন মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান আজিমপুর, ঢাকা এর ১ (এক)টি 'হাউজ কিপার' এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল ও রাজশাহী'র ০২ (দুই) টি 'হাউজ কিপারসহ' মোট ০৩ (তিন) টি 'হাউজ কিপার' পদের বিদ্যমান নিয়োগবিধিমালা "২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তা ও নন গেজেটেড কর্মচারী নিয়োগবিধিমালা, ১৯৯৬ এর ভিত্তিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন অনুবিভাগের সম্মতির আলোকে নিম্নবর্ণিত শর্তাধীনে বেতনগ্রেড পুনঃনির্ধারণে সম্মতি জ্ঞাপন করা হ'ল :

ক্র: নং	পদের নাম ও সংখ্যা	বর্তমানে বিদ্যমান বেতনস্কেল (জাঃবেঃস্কেল লঃ, ২০১৫ অনুযায়ী)	অর্থ বিভাগ কর্তৃক পুনঃনির্ধারণকৃত বেতনস্কেল (জাঃবেঃস্কেলঃ, ২০১৫ অনুযায়ী)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
	হাউজ কিপার মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, আজিমপুর, ঢাকা এর ১(এক)টি এবং পরিবার কল্যাণ পরিদর্শিকা প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল এর ১ (এক)টি, এবং রাজশাহী'র ১ (এক)টিসহ মোট (১+২) = ৩ (তিন) টি পদ।	টাঃ ৯,৩০০/- ২২,৪৯০/- (গ্রেড-১৬)	টাঃ ১০,২০০- ২৪,৬৮০/- (গ্রেড-১৪)	২য় শ্রেণির গেজেটেড কর্মকর্তা ও নন গেজেটেড কর্মচারী (পরিবার পরিকল্পনা অধিদপ্তর) নিয়োগ বিধিমালা, ১৯৯৬ এর (বিধি-২(গ)) তফসিলের ক্রমিক-২২ অনুযায়ী-সরাসরি নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা: স্নাতক বা সমমানের ডিগ্রি। হাউজ কিপিং-এ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

শর্তাবলী :

- (ক) উপরের ছকের ৪নং কলামে অর্থ বিভাগ কর্তৃক পুনঃনির্ধারিত বেতনগ্রেড ৫নং কলামে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতা (স্নাতক ডিগ্রি) থাকা সাপেক্ষে কার্যকর হবে। উক্ত যোগ্যতার ব্যত্যয় ঘটিয়ে বেতনগ্রেড কার্যকর করা যাবে না ;
- (খ) পুনঃ নির্ধারিত বেতন গ্রেড আদেশ জারির তারিখ থেকে কার্যকর হবে। সংশ্লিষ্ট পদধারীগণ শুধুমাত্র বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত আদেশ জারির তারিখের পূর্বের কোনরূপ বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না ;
- (গ) উপরের ছকে পুনঃনির্ধারিত বেতন গ্রেড এবং শর্তাবলীর হবহ প্রতিফলন ঘটিয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত মঞ্জুরীর আদেশ (জি.ও) অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ কর্তৃক পৃষ্ঠাংকন করতে হবে।

স্বাক্ষর

(ফৌজিয়া খান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৯৫৪০৬৫৪

পর পৃষ্ঠা দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠা পর

নম্বর : ৫৯.০০.০০০০.১১০.৯৯.০৪০.১৭-৩৮৯

তারিখ : ১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি: জারিকৃত পত্রের ৪ (চার) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত পৃষ্ঠাংকন করার জন্য অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগে প্রেরণ করা হলো। পৃষ্ঠাংকনকৃত পত্রের ১ (এক) কপি সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং ১(এক) কপি প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা এর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হ'ল।



(ফৌজিয়া খান)
সিনিয়র সহকারী সচিব

নং-

তারিখ: . ২০১৮ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা এর বরাবর প্রেরণ করা হ'ল। এ আদেশ জারিতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়ের সম্মতি রয়েছে।


যুগ্মসচিব
বাস্তবায়ন অনুবিভাগ
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নম্বর : ৫৯.০০.০০০০.১১০.৯৯.০৪০.১৭-৩৮৯

তারিখ : ১২ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ
২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো :

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা।
- ৪। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/বরিশাল/রাজশাহী বিভাগ।
- ৫। তত্ত্বাবধায়ক, মাতৃসদন ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, ঢাকা/বরিশাল/রাজশাহী।
- ৬। উপসচিব (বাজেট-২ অধিশাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।


(ফৌজিয়া খান)
সিনিয়র সহকারী সচিব